

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসক, বগুড়া

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

নং- ০৫.৫০.১০০০.০০০.০০১.১২.০০০৭.২৫.৫১৯

তারিখঃ

২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ

১১ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ


গণবিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোঃ তৌফিকুর রহমান, জেলা প্রশাসক, বগুড়া ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১১ ডিসেম্বর ২০২৫/২৬ অগ্রহায়ণ ১৪৩২ তারিখে জারিকৃত ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৭ প্রজ্ঞাপনের মাধ্যমে ৩৯ বগুড়া-৪ (কাহালু ও নন্দীগ্রাম উপজেলা) ভোটারগণকে নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:

রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	ঃ	১৪ পৌষ ১৪৩২ ২৯ ডিসেম্বর ২০২৫	সোমবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	ঃ	১৫-২০ পৌষ ১৪৩২ ৩০ ডিসেম্বর ২০২৫- ০৪ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার-রবিবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ	ঃ	২১-২৫ পৌষ ১৪৩২ ০৫-০৯ জানুয়ারি ২০২৬	সোমবার-শুক্রবার
আপিল নিষ্পত্তির তারিখ	ঃ	২৬ পৌষ - ০৪ মাঘ ১৪৩২ ১০-১৮ জানুয়ারি ২০২৬	শনিবার- রবিবার
প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	ঃ	০৬ মাঘ ১৪৩২ ২০ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার
প্রতীক বরাদ্দের তারিখ	ঃ	০৭ মাঘ ১৪৩২ ২১ জানুয়ারি ২০২৬	বুধবার
ভোটগ্রহণের তারিখ	ঃ	২৯ মাঘ ১৪৩২ ১২ ফেব্রুয়ারি ২০২৬	বৃহস্পতিবার

আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, সকাল ০৭.৩০ ঘটিকা হইতে বিকাল ০৪.৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হইবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৩৯ বগুড়া-৪ (কাহালু ও নন্দীগ্রাম উপজেলা) নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ১৪ পৌষ ১৪৩২/২৯ ডিসেম্বর ২০২৫ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯.০০টা হতে বিকাল ০৫.০০টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহালু/নন্দীগ্রাম, বগুড়া) মনোনয়নপত্র গৃহীত হবে।



(মোঃ তৌফিকুর রহমান)

জেলা প্রশাসক, বগুড়া

ও

রিটার্নিং অফিসার

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন

তারিখঃ ১ ১ দিন ১ ২ মাস ২ ০ ২ ৫ বৎসর

নং- ০৫.৫০.১০০০.০০০.০০১.১২.০০০৭.২৫.৫১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৪। উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী।
- ০৫। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ০৭। পুলিশ সুপার, বগুড়া।
- ০৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া।
- ০৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বগুড়া।
- ১০। সিনিয়র জেলা তথ্য অফিসার, বগুড়া। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, কাহালু/নন্দীগ্রাম, বগুড়া।
- ১২। উপজেলা নির্বাচন অফিসার, কাহালু/নন্দীগ্রাম, বগুড়া।
- ১৩। অফিসার ইনচার্জ, কাহালু/নন্দীগ্রাম থানা, বগুড়া।
- ১৪। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কাহালু/নন্দীগ্রাম, বগুড়া।
- ১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, কাহালু/নন্দীগ্রাম, বগুড়া।
- ১৬। নোটিশ বোর্ড।

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ

১১ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

জেলা প্রশাসক, বগুড়া

ও

রিটার্নিং অফিসার

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন